

উপজেলা পরিষদ

সন্দ্বীপ, চট্টগ্রাম।

উপজেলা পরিষদ সাংস্কৃতি বিষয়ক কমিটির সেপ্টেম্বর/২১ মাসের ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : জনাব মোঃ মাজিন উদ্দীন মিশন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সন্দ্বীপ, চট্টগ্রাম
সভার তারিখ : ০৭-০৯-২০২১ খ্রি:
সময় : বিকাল ৪:৫০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, সন্দ্বীপ, চট্টগ্রাম

সভার উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' এ দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং তিনি সভায় উপস্থিত সদস্যগণের অবগতির জন্য বিগত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উপস্থিত সদস্যগণের সম্মতিক্রমে দৃঢ়করণ করা হয় এবং সন্দ্বীপ উপজেলার সাংস্কৃতির উন্নয়ন সম্পর্কিত বক্তব্য উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যদেরকে অনুরোধ করেন। সভায় যুব ও ক্রীড়া বিষয়ক গুরুত্বপূর্ণ আলোচনার পর উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপনের নিম্নোক্ত সুপারিশ সমূহ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. সন্দ্বীপ উপজেলার সাংস্কৃতির উন্নয়নে প্রতিটি ইউনিয়নে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করে সাংস্কৃতি উন্নয়ন কমিটি গঠনের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
০২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রতিটি ইউনিয়নে চলমান কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম মনিটরিং করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
০৩. উপজেলা শিল্পকলা একাডেমির কার্যক্রম আরো গতিশীল করার জন্য সেক্রেটারী, উপজেলা শিল্পকলা একাডেমি, সন্দ্বীপ এর সাথে সমন্বয় করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ মাজিন উদ্দীন মিশন)


ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ সাংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
সন্দ্বীপ, চট্টগ্রাম

তারিখ: ০৭/০৯/২০২১ খ্রি:

স্মারক নং: উঃপঃ/সন্দ্বীপ/২১-২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ০৩। মেয়র/চেয়ারম্যান ইউপি, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ০৪। জনাব.....সদস্য, উপজেলা পরিষদ যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি, সন্দ্বীপ, চট্টগ্রাম।


উপজেলা যুব উন্নয়ন অফিসার
ও সদস্য সচিব

উপজেলা পরিষদ সাংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
সন্দ্বীপ, চট্টগ্রাম।